

Times Today BD

জেলা প্রতিনিধি | বরিশাল | 05 June, 2025

পিরোজপুর জেলা ছাত্রদলের নবগঠিত কমিটির সভাপতি সালাউদ্দিন তালুকদার কুমার বলেছেন, দেশ নায়ক তারেক রহমান যে দায়িত্ব দিয়েছে, আপনাদের কাছে প্রতিজ্ঞা করতে চাই এই দায়িত্ব শতভাগ নিষ্ঠার সাথে পালন করব। আপনারা ছাত্রদলের সবাই নেতা, আমি ছাত্রদলের কর্মী। আপনাদের নেতৃত্বে আমি ছাত্রদল করব। যেদিন মনে করব জেলা ছাত্রদলের দায়িত্ব নিষ্ঠার সাথে পালন করতে পারতেছি না, সেদিন নিজেই এই পদ ছেড়ে দেব। আপনাদের জন্য সর্বোচ্চ নিষ্ঠার সাথে কথা দিলাম। সর্বোচ্চ সততার সাথে কাজ করব। আমাদের সমস্ত জীবন যৌবন যা বিসর্জন দিয়েছি এই দল আমাদেরকে এত বেশি পুরস্কৃত করেছে যে, এই দলের কাছে আর কিছু চাওয়ার নাই।

□চার বছর পরে পিরোজপুর জেলা ছাত্রদলের কমিটি ঘোষণা হওয়ায় বিএনপির চেয়ারপার্সন বেগম খালেদা জিয়া ও ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানকে শুভেচ্ছা জানিয়ে বুধবার (৪ জুন বিকেলে) এক আনন্দ মিছিল শেষে এক সমাবেশে তিনি এসব কথা বলেন।

□মিছিলটি পিরোজপুর জেলা স্টেডিয়াম থেকে বের হয়ে শহরের বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে শহরের গোপাল কৃষ্ণ টাউন ক্লাব মাঠে গিয়ে শেষ হয়। আনন্দ মিছিল শেষে টাউন ক্লাব মাঠে উৎসব মুখর পরিবেশে এক সমাবেশ অনুষ্ঠিত হয়। এ সময় উপস্থিত ছিলেন, পিরোজপুর জেলা ছাত্রদলের নবগঠিত কমিটির সভাপতি সালাউদ্দিন তালুকদার কুমার, সাধারণ সম্পাদক মাহমুদুল হাসান শাহিন সহ কমিটির অন্যান্য নেতৃবৃন্দ।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 01:49

URL: <https://www.timestodaybd.com/public/barishal/3356280178>